দৈনিক জনকণ্ঠ

তারিখ: 12 FEB 2016
পৃষ্ঠা: ১৬ কলাম: ৩

# ৪৪ স্কুল ও মাদ্রাসার বিরুদ্ধে ব্যবস্থা নিতে শিক্ষা মন্ত্রণালয়কে বোর্ডের চিঠি

**স্টাফ রিপোর্টার, যশোর অফিস ॥** এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে ফরম পূরণে অতিরিক্ত অর্থ আদায়কারী ৪৪টি স্কুল ও মাদ্রাসার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে শিক্ষা মন্ত্রণালয়ে চিঠি পাঠিয়েছে যশোর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড। বৃহস্পতিবার এই চিঠি পাঠান বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মাধব চন্দ্র রুদ্র। তারা শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ উপেক্ষিত করেছে। তিন ক্যাটাগরিতে পাঠানো চিঠিতে বলা হয়েছে অতিরিক্ত ২৬টি বিদ্যালয় টাকা ফেরত দিয়েছেন এবং ৮০টি বিদ্যালয় দাবি করেছে তারা টাকা

## এসএসসিতে বাড়তি ফি আদায়

নেননি। বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয় সূত্রে জানা

(১৫ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)

## ৪৪ স্কুল ও মাদ্রাসার

(১৬-এর পৃষ্ঠার পর)

গেছে, এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে ফরম পূরণের নামে অতিরিক্ত অর্থ আদায়কারী ১৫০টি শিক্ষা প্রতিষ্ঠানকে বাড়তি অর্থ ফেরত দিতে নোটিস করে যশোর শিক্ষা বোর্ড। সরকারী গোয়েন্দা সংস্থার রিপোর্টের বরাতে ওই তালিকাটি তৈরি করে বোর্ডে পাঠায় শিক্ষা মন্ত্রণালয়। ৪ ফেব্রুয়ারি পরীক্ষা নিয়ন্ত্রক মাধব চন্দ্র রুদ্র স্বাক্ষরিত ওই নোটিসে ৭ ফেব্রুয়ারির মধ্যে টাকা ফেরত দিয়ে তা লিখিতভাবে বোর্ডকে জানানোর নির্দেশ দেয়া হয়।

তবে নির্ধারিত ওই দিনে ২৩টি শিক্ষা প্রতিষ্ঠান পরীক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত অর্থ ফেরত দিয়েছে বলে লিখিতভাবে জানিয়েছিল। পরে আরও তিনটি বিদ্যালয় টাকা ফেরত দিয়েছে বলে বোর্ডকে অবহিত করে। যশোর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মাধব চন্দ্র রুদ্র জানান, ২ ফেব্রুয়ারি শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো অতিরিক্ত অর্থ আদায়কারী ১৫০টি শিক্ষা প্রতিষ্ঠানকে নোটিস দেয়া হয়েছিল। নির্ধারিত দিনে ২৬টি প্রতিষ্ঠান টাকা ফেরত দেয়ার কথা লিখিতভাবে জানিয়েছে। আর ৮০টি বিদ্যালয় লিখিতভাবে দাবি করেছে তারা ফরম পূরণের সময় অতিরিক্ত অর্থ নেয়নি। আর ৪৪টি বিদ্যালয় ও মাদ্রাসা আমাদের নির্দেশ মানেনি। যে কারণে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়েছে। তিনি আরও বলেন, যেহেতু শিক্ষামন্ত্রী নির্দেশ না মানলে শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি ও এমপিও বাতিলের কথা বলেছেন তাই ওই সব বিদ্যালয় ও মাদ্রাসার বিরুদ্ধে মন্ত্রণালয় এ ব্যবস্থা নেবে।